

"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd


স্মারক নং-৫৯.০০০০.১৫২.২৩.০০৪.২২- ২৭ ৬ ৪

তারিখ: ২০/০৮/২০২৩

পরিপত্র

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরাদীর্ঘ বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব পালন প্রসঙ্গে।

- উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণ বিশেষ করে মা, শিশু ও কিশোর-কিশোরীরা যাতে তাঁদের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পেতে পারেন, সে জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অবস্থান করে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এবং পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ যাতে জরুরী সেবা নিশ্চিত করতে পারেন সেলক্ষ্যে কেন্দ্রের সাথে সংশ্লিষ্টদের জন্য বাসভবন তৈরি করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, যুক্তিসংগত কারণ ব্যতিরেকে দেশের বিপুল সংখ্যক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এবং পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ কেন্দ্র সংলগ্ন বাসভবনে অবস্থান/বসবাস করেন না। ফলে একদিকে অব্যবহারের কারণে বাসভবনগুলো নষ্ট হয়ে যাচ্ছে এবং বসবাসের অযোগ্য হয়ে পড়ছে। অপরদিকে দেশের জনগণ পরিবার পরিকল্পনা সেবা, মা-শিশু স্বাস্থ্য সেবা ও অন্যান্য কার্যক্রম থেকে বঞ্চিত হচ্ছে। এ অবস্থার অবসানে সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত বাসভবনে বসবাস করতে হবে।
- ২। যে সব ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বাসভবন বসবাসের অযোগ্য/ জরুরী মেরামত প্রয়োজন তার তালিকা প্রস্তুতপূর্বক অতিদ্রুত সংশ্লিষ্ট মেরামতকারী প্রতিষ্ঠান/ প্রকৌশলীর দপ্তর এবং পরিচালক (পরিকল্পনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর নিকট প্রেরণ করতে হবে। নতুবা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এর দায় দায়িত্ব বহন করবেন।
- ৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাদীর্ঘ উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতিত ব্যক্তিগত প্রয়োজনে ছুটিতে গমন কিংবা কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। অনুরূপভাবে জেলা পর্যায়ে কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালকের লিখিত অনুমোদন সাপেক্ষে কর্মস্থল ত্যাগ করতে পারবেন। বিভাগীয় পরিচালকগণের কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে মহাপরিচালকের নিকট থেকে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- ৪। এ আদেশ লংঘনকারী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হবে।
- ৫। সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ আদেশ লংঘনকারী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত রাখবেন।
- ৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২০.০৮.২০২৩

(সাহান আর বানু, এনডিসি)
মহাপরিচালক

বিতরণ সদয় কার্যার্থে :

- ১। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল).....বিভাগ।
- ২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল).....জেলা।
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/মেডিকেল অফিসার ক্লিনিক), উপজেলা.....জেলা.....।

পরিপত্রের নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ, কর্মকর্তা/কর্মচারীগণের কর্মস্থলে উপস্থিতি এবং নির্ধারিত বাসস্থানে বসবাস নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

বিতরণ সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল)..... এ অধিদপ্তর।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।